গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
খাগড়াছড়ি পার্বত্য জেলা
(সংস্থাপন শাখা)
www.khagrachhari.gov.bd



স্মারক নম্বর : ০৫.৪২.৪৬০০.০০১.১০.০০১.২৬- ৫৮৭

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩৩
০৭ সেপ্টেম্বর ২০২৬

## : নিয়োগ বিজ্ঞপ্তি :

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখা, ঢাকা এর ১৫ জুলাই ২০২৬ তারিখের (ক) ০৫.০০.০০০০.০০০.১৬৬.১১.০০১০.১৫.৬১ নম্বর স্মারকের ছাড়পত্র (খ) কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম এর ১৬ জুলাই ২০২৬ তারিখের ০৫.৪২.২০০০.০০০.০০৩.০৩.০০১৩.১৬-২৭০ নম্বর স্মারকমূলে নিয়োগ বিজ্ঞপ্তি জারির অনুমোদন (গ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখা, ঢাকা এর ২৫ জুলাই ২০২৬ তারিখের ০৫.০০.০০০০.০০০.১৬৬.১১.০০১০.১৫.৭৬ নম্বর স্মারকের ছাড়পত্র এবং (ঘ) কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম এর ২৫ জুলাই ২০২৬ তারিখের ০৫.৪২.২০০০.০০০.০০৩.০৩.০০১৩.১৬-২৯৫ নম্বর স্মারকমূলে নিয়োগ বিজ্ঞপ্তি জারির অনুমোদনের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, খাগড়াছড়ি পার্বত্য জেলা ও অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের এবং সার্কিট হাউস, খাগড়াছড়ি পার্বত্য জেলার নিম্নবর্ণিত শূন্যপদসমূহে জনবল নিয়োগের নিমিত্ত খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনলাইনে (https://dckc.teletalk.com.bd) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

### জেলা প্রশাসকের কার্যালয়, খাগড়াছড়ি পার্বত্য জেলা এবং এর আওতাধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহ

| ক্রম | পদের নাম ও বেতন স্কেল<br>(জা, বে, স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>(গ্রেড-১৬); ৯৩০০-২২৪৯০/- | ০৮ (আট) টি | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা ;<br>গ) কম্পিউটারে প্রতি মিনিটে ইংরেজি টাইপ ২০ শব্দ এবং বাংলা টাইপে ২০ শব্দ গতি সম্পন্ন হতে হবে ;<br>ঘ) তপশিল-২, ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০২ | সার্টিফিকেট সহকারী<br>(গ্রেড-১৬); ৯৩০০-২২৪৯০/- | ০১ (এক) টি | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা ;<br>গ) কম্পিউটারে প্রতি মিনিটে ইংরেজি টাইপ ২০ শব্দ এবং বাংলা টাইপে ২০ শব্দ গতি সম্পন্ন হতে হবে ;<br>ঘ) তপশিল-২, ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৩ | অফিস সহায়ক<br>(গ্রেড-২০); ৮২৫০-২০০১০/- | ০৬ (ছয়) টি | ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৪ | পরিচ্ছন্নতাকর্মী<br>(গ্রেড-২০); ৮২৫০-২০০১০/- | ০৯ (নয়) টি | ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৫ | নিরাপত্তা প্রহরী<br>(গ্রেড-২০); ৮২৫০-২০০১০/- | ১৩ (তেরো) টি | ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে;<br>গ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৬ | মালি<br>(গ্রেড-২০); ৮২৫০-২০০১০/- | ০১ (এক) টি | ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

### সার্কিট হাউজ, খাগড়াছড়ি পার্বত্য জেলা

| ক্রম | পদের নাম ও বেতন স্কেল<br>(জা, বে, স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | পরিচ্ছন্নতাকর্মী<br>(গ্রেড-২০); ৮২৫০-২০০১০/- | ০১ (এক) টি | ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ক্রম | পদের নাম ও বেতন স্কেল (জা, বে, স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০২ | নিরাপত্তা প্রহরী<br>(গ্রেড-২০); ৮২৫০-২০০১০/- | ০২ (দুই) টি | ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে;<br>গ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৩ | মালি<br>(গ্রেড-২০); ৮২৫০-২০০১০/- | ০১ (এক) টি | ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৪ | বেয়ারার<br>(গ্রেড-২০); ৮২৫০-২০০১০/- | ০৩ (তিন) টি | ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে;<br>গ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

*** আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ করতে হবে ;**

১. আবেদনকারীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও খাগড়াছড়ি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে । যদি কোনো আবেদনকারী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য হিসেবে বিবেচিত হবেন না।

২. ৩০ সেপ্টেম্বর ২০২৬ তারিখে আবেদনকারীর বয়স ১৮-৩২ বছর হতে হবে। বয়সসীমা নির্ধারণের ক্ষেত্রে ০৫ এপ্রিল ২০২৬ তারিখে প্রকাশিত বাংলাদেশ গেজেটের (বা: জা: স: বিল নং-০২/২০২৬) অনুসরণ করা হয়েছে)। শিক্ষাগত যোগ্যতার সনদ ও জাতীয় পরিচয়পত্রের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়;

৩. এই নিয়োগ বিজ্ঞপ্তির শূন্যপদসমূহ পূরণে জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের "কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ (সংশোধন-২০২৪)"অনুসরণ করা হবে;

৪. সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত আবেদনকারীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। চাকুরিরত সকল আবেদনকারীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে;

৫. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোনো বিধি-বিধান সংশোধন হলে তা অনুসরণ করা হবে;

৬. কেবলমাত্র উপযুক্ত এবং ত্রুটিমুক্ত আবেদনকারীদেরকে লিখিত পরীক্ষায় ডাকা হবে। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

৭. সকল পদের ক্ষেত্রে লিখিত, প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীরাই প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবেন ;

৮. অনলাইন (online) ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণযোগ্য হবে না;

৯. নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ রাখেন ;

১০. জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়নি এমন যে কোনো বিষয়ে সংশ্লিষ্ট বিধি-বিধান অনুযায়ী নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

১১. নিয়োগের ক্ষেত্রে কোনো প্রকার সুপারিশ/তদবির আবেদনকারীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে ; এ বিষয়ে কোনো আপত্তি উত্থাপন করা যাবে না।

১২. একজন আবদনকারী শুধু একটি পদে আবেদন করতে পারবেন; একাধিক পদে আবেদন করলে আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে।

১৩. আবেদনকারীকে তার সকল অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

১৪. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি https://dckc.teletalk.com.bd এই ওয়েবসাইটে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০৮ সেপ্টেম্বর ২০২৬, সকাল ৯:০০ ঘটিকা;

ii. অনলাইনে আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ০৭ অক্টোবর ২০২৬, বিকাল ০৪.০০ টা। উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit করার সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে আবেদনকারী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০KB ও স্বাক্ষরের সাইজ ৬০KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে আবেদনকারী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

চলমান পাতা-৩(তিন)

ঘ. আবেদনকারী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে আবেদনকারী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য এবং স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে আবেদনকারী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ গ্রেড-১৬ এর জন্য ১০০ (একশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ১২/- (বারো) টাকাসহ মোট ১১২/-(একশত বারো ) টাকা এবং গ্রেড-২০ এর জন্য ৫০/-(পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬/-(ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপান্ন) টাকা ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এছাড়াও **সকল গ্রেড (অনগ্রসর নাগরিক)** এর জন্য ৫০/-(পঞ্চাশ) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬/-(ছয়) টাকাসহ মোট ৫৬/-(ছাপান্ন) টাকা ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন।

এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online-এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS:DCKC<space>User ID লিখে send করতে হবে 16222 নম্বরে । Example: **DCKC ABCDEF** & send to 16222

Reply: Applicant's Name, Tk, 56 Will be charged as application fee/ Tk, 112 Will be charged as application fee Your PIN is 12345678. To pay fee Type DCKC Yes PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:DCKC<space>Yes<space>PIN** লিখে send করতে হবে 16222 নম্বরে। Example: **DCKC Yes 12345678** & send to 16222

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for DCKC Application for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx)

চ. **প্রবেশপত্র:** প্রাপ্তির বিষয়টি http://dckc.teletalk.com.bd ওয়েবসাইটে এবং আবেদানকারীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য আবেদনকারীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে আবেদনকারীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

ছ. SMS এ প্রেরিত User IDএবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। আবেদনকারী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধুমাত্র Teletalk pre-paid mobile নম্বর থেকে আবেদনকারীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i.User ID জানা থাকলে: **DCKC<space>Help**<space>User<space>User ID & send to 16222

Example: **DCKC Help User ABCDEF** & send to 16222

ii.PIN Number জানা থাকলে: **DCKC<space>Help<space>PIN<space>PIN Number** & send to 16222

Example: **DCKC Help PIN** 1234567 & send to 16222

**১৫. আবেদনকারীর যোগ্যতা যাচাই:** আবেদনকারী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট আবেদনকারীর আবেদন বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো আবেদনকারীর আবেদন বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ রাখেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/অনাপত্তিপত্র/কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনপূর্বক ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ০১ (এক) সেট ফটোকপি দাখিল করতে হবে। দাখিল/উপস্থাপনযোগ্য কাগজপত্রের তালিকা নিম্নরূপ:

চলমান পাতা-৪ (চার)

(ক) আবেদনকারীর সকল শিক্ষাগত যোগ্যতা সনদপত্র/ চাকরিরত আবেদনকারীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ);

(খ) আবেদনকারী যে ইউনিয়ন/পৌরসভার বাসিন্দা, সে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্র:

(গ) অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ফটোকপি;

(ঘ) জেলা প্রশাসক/ সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দার সনদপত্র অবশ্যই দাখিল করতে হবে;

(ঙ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/ শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

(চ) শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও তৃতীয় লিঙ্গের কোটার জন্য আবেদনকারীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

(ছ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(জ) জাতীয় পরিচয়পত্র/জন্মসনদ (প্রযোজ্য ক্ষেত্রে) এর প্রথম শ্রেণি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি;

(ঝ) অনলাইন-এ পূরণকৃত আবেদন পত্রের কপি Applicant's Copy;

(ঞ) সাম্প্রতিক সময়ে তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি ০২ (দুই) কপি ;

(ট) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি;

১৬. অনলাইনে আবেদন এবং আবেদন ফি-এর টাকা জমার কাজটি আবেদনকারী নিজে করবেন। এ ক্ষেত্রে কোন ভুল ত্রুটি হলে বা প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১৭. নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রাক ভেরিফিকেশন পূর্বক চূড়ান্তভাবে নিয়োগ করা হবে।

১৮. ডিক্লারেশন : আবেদনকারীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, আবেদনকারী কর্তৃক প্রদত্ত আবেদনপত্রের সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট আবেদনকারীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৯.বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, www.khagrachhari.gov.bd এর ওয়েবসাইটে অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল http://alljobs. teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

২০. অনলাইনে আবেদন করতে কোনো সমস্যা হলে vas.quary@teletalk.com.bd বা dckhagrachari@mopa.gov.bdই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: DCKHAGRACHARI, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

০৭/০৯/২০২৬

(মোঃ আনোয়ার সাদাত)
জেলা প্রশাসক
ও
জেলা ম্যাজিস্ট্রেট
খাগড়াছড়ি পার্বত্য জেলা।
ফোন-০২৩৩৩৩৪৩৮১১ (অফিস)
E-mail:dckhagrachari@mopa.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪২.৪৬০০.০০১.১০.০০১.২৬-৫৮৭ (৫০)

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩৩
৭ সেপ্টেম্বর ২০২৬

* অনুলিপি: সদয় জ্ঞাতার্থে :

১. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ( দৃষ্টি আকর্ষণ-উপসচিব, সওব্য-১৫ শাখা )।

২. কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম ও সভাপতি, বিভাগীয় নির্বাচনি বোর্ড, চট্টগ্রাম (দৃষ্টি আকর্ষণ-সদস্য-সচিব, বিভাগীয় বাছাই কমিটি (বিভাগীয় নির্বাচনি বোর্ড, চট্টগ্রাম বিভাগ )।

৩. জেলা প্রশাসক ............................................ (সকল) ।

* অনুলিপি : জ্ঞাতার্থে ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

২. পুলিশ সুপার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

৩. উপপরিচালক, স্থানীয় সরকার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

৪. সিভিল সার্জন, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

চলমান পাতা-৫ (পাঁচ)

৫. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/ (রাজস্ব)/ (শিক্ষা ও আইসিটি)/ বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৬. উপজেলা নির্বাহী অফিসার, ........................................(সকল), খাগড়াছড়ি।
৭. প্রশাসক, খাগড়াছড়ি পৌরসভা/মাটিরাঙ্গা পৌরসভা/রামগড় পৌরসভা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৮. নেজারত ডেপুটি কালেক্টর, খাগড়াছড়ি পার্বত্য জেলা **(সর্বসাধারণের অবগতির জন্য এ অফিসের নোটিশ বোর্ডে টাঙানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)**।
৯. সহকারী কমিশনার (ভূমি), ..................................( সকল), খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১০. জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১১. উপজেলা হিসাবরক্ষণ অফিসার, ..........................(সকল), খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১২. ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কর্মাশিয়াল কমপ্লেক্স (১১ তলা), হোল্ডিং ৩/এ, ৫/এ, ৭/এ, রোড নং-১৭, গুলশান-১, ঢাকা-১২১২। **তাকে উল্লিখিত বিজ্ঞপ্তি অনুযায়ী অনলাইনে আবেদন গ্রহণ, মোবাইলের মাধ্যমে প্রার্থীদের নিকট হতে আবেদন ফি আদায়, প্রার্থীদের প্রবেশপত্র প্রদান, ছবিযুক্ত হাজিরা সীট প্রদান ও প্রার্থীদেরকে ক্ষুদে বার্তা (এসএমএস ) প্রেরণসহ প্রাসঙ্গিক বিষয়াদির প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
১৩. সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, এ কার্যালয় **(জেলা প্রশাসনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**।
১৪. সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক যুগান্তর, ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী ১৩/০৬/২০২৬ খ্রি. তারিখের মধ্যে তার পত্রিকায় ভিতর পাতায় (১২×৫ ইঞ্চি কলামে) একদিনের জন্য প্রকাশ করে পত্রিকার ০৫ কপি এ অফিসের সংস্থাপন শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৫. সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক সবুজ পাতার দেশ, কোর্ট বিল্ডিং, মসজিদ মার্কেট, ২য় তলা, কক্ষ নং-২০৮, খাগড়াছড়ি পার্বত্য জেলা। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি আগামী **১৩/০৬/২০২৬** খ্রি. তারিখের মধ্যে তার পত্রিকায় ভিতর পাতায় (১২×৫ ইঞ্চি কলামে) একদিনের জন্য প্রকাশ করে পত্রিকার ০৫ কপি এ অফিসের সংস্থাপন শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হল।

০৭/০৬/২০২৬

জেলা প্রশাসক
ও
জেলা ম্যাজিস্ট্রেট
খাগড়াছড়ি পার্বত্য জেলা।